

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৬৯/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ শাহ আলম (এল এল বি)

বাসা-৪/১০, হুমায়ুন রোড
মোহাম্মদপুর
ঢাকা।

প্রতিপক্ষ : নির্বাহী প্রকৌশলী

DPDC, NOCS শ্যামলী
৮/২ লালমাটিয়া, ব্লক-এ
ঢাকা-১২০৭।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৬-০৮-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ শাহ আলম (এল এল বি), ২৯-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে নির্বাহী প্রকৌশলী, DPDC, NOCS শ্যামলী, ৮/২ লালমাটিয়া, ব্লক-এ, ঢাকা-১২০৭ এর বিরুদ্ধে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০(১)(২)(৪) ধারা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ না করার কারণে অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি এ বিষয়ে আইনগত প্রতিকার প্রার্থনা করেছেন।

০২। বিষয়টি কমিশনের ০৭-০৮-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৬-০৮-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ শাহ আলম (এল এল বি) হাজির। প্রতিপক্ষ নির্বাহী প্রকৌশলী, DPDC, NOCS শ্যামলী, ৮/২ লালমাটিয়া, ব্লক-এ, ঢাকা-১২০৭ গরহাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০(১)(২)(৪) ধারা লঙ্ঘনপূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ না করার কারণে অভিযোগ দায়ের করেছিলেন। তবে অভিযোগ দায়েরের পর সংশ্লিষ্ট কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) নির্ধারণ করা হয়েছে বিধায় তার আর কোন অভিযোগ নেই। কিন্তু ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ (ডিপিডিসি) এর অন্যান্য তথ্য প্রদান ইউনিটে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) নির্ধারণ করা হয়নি, ফলে জনগনের তথ্য প্রাপ্তির অধিকার খর্ব হচ্ছে।

পর্যালোচনা।

অভিযোগকারীর বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তার চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) নির্ধারণ করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অ:পূ:দ্র:)

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে যেহেতু, অভিযোগকারীর চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) নির্ধারণ করা হয়েছে, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো। তবে ডিপিডিসি এর সকল তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০ ধারার বিধান মতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করে আগামী ১৫ দিনের মধ্যে তথ্য কমিশনকে লিখিতভাবে অবহিত করার জন্য কোম্পানি সচিব, ডিপিডিসিকে নির্দেশনা প্রদান করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার